

যুগান্তরে সংবাদ প্রকাশের জেরে
**সিরাজগঞ্জে আদিবাসীদের মাতৃভাষায়
শিক্ষালাভের ৮ প্রতিষ্ঠান ফের চালু**

সিরাজগঞ্জ প্রতিনিধি

দৈনিক যুগান্তরে সংবাদ প্রকাশের জেরে সিরাজগঞ্জের তাতাশ ও রাতগঞ্জ উপজেলার আদিবাসী শিশু শিক্ষার্থীদের মাতৃভাষায় শিক্ষালাভের ৮টি বিশেষায়িত বিদ্যালয় আবারও চালু হয়েছে। তাতাশ উপজেলার কিরপোতা আদিবাসী একাডেমিতে জার্মান প্রবাসী আণা ফাউন্ডেশনের চেয়ারম্যান সৈয়দ শাকিল আহমেদ বিদ্যালয়গুলো আরও এক বছর পরিচালনার জন্য আর্থিক সহযোগিতা প্রদানের ঘোষণা দেন। এর ফলে দু'শতাধিক আদিবাসী শিশু আরও এক বছর তাদের মাতৃভাষায় শিক্ষালাভের সুযোগ পাবে। জানা গেছে, ২০০৯ সালে বেসরকারি উন্নয়ন সংস্থা 'বানুশের' জন্য ফাউন্ডেশন তাতাশ ও রায়গঞ্জ

উপজেলার বোয়ালশুপুর, খোদবাড়ী, মামিহাটা, পল্লভদ্রা, পল্লভদ্রা ও বহর বয়সী আদিবাসী শিশুদের প্রাথমিক বিদ্যালয়ে ভর্তি হওয়ার আগে মাতৃভাষায় বাৎসরিক শেখার জন্য ৮টি প্রাক-প্রাথমিক বিদ্যালয় প্রতিষ্ঠা করেন। এসব বিদ্যালয়ের শিক্ষকরা মাতৃভাষায় মাধ্যমে বাংলা শিখিয়ে আদিবাসী শিশু জরুরীকর্তাদের পার্শ্ববর্তী প্রাথমিক বিদ্যালয়ে ভর্তি উপযুক্ত করে গড়ে তোলেন। এ কার্যক্রমের মেয়াদ ৩১ ডিসেম্বর শেষ হয়। বিদ্যালয়গুলো বন্ধ হয়ে প্রতি বছর দু'শতাধিক আদিবাসী শিশু তাদের মাতৃভাষায় শিক্ষালাভের সুযোগ থেকে বঞ্চিত হলে গত বছর ২৯ ডিসেম্বর একটি পট্টন প্রতিবেদন দৈনিক যুগান্তরে প্রকাশিত হয়।